

দৈনিক  
**ইত্তেফাক**

অন্ত্র ও মাদক সংশ্লিষ্টতার অভিযোগ

## ঢাবির চার শিক্ষার্থী সাময়িক বহিকার

প্রকাশ : ২৪ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বিশ্ববিদ্যালয় রিপোর্টার

অন্ত্র ও মাদক সংশ্লিষ্টতার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিকার করা হয়েছে। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয় প্রশাসন এ সিদ্ধান্ত নিয়েছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের অধ্যাপক ড. এ কে এম গোলাম রাবানী। তিনি জানান, শিক্ষার্থীদেরকে হায়ীভাবে বহিকার করা হবে না কেন, তার কারণ দর্শনোর জন্য সাত কার্যদিবস সময় দিয়ে নোটিশ দেওয়া হয়েছে। অন্যথায় তাদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। অভিযুক্ত শিক্ষার্থীদের আগেই হল থেকে বহিকার করেছিল হল প্রশাসন। বহিকার ছাড়াও তিন জনের বিরুদ্ধে ফৌজদারি মামলা হয়েছে। **বহিক্ত শিক্ষার্থীরা** হলেন—বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনসিটিউটের ছাত্র হাসিবুর রহমান ওরফে তুষার, দর্শন বিভাগের আবু বকর ওরফে আলিফ, বিশ্ববর্ষ ও সংস্কৃতি বিভাগের ইমরান হোসেন এবং পালি ও বুদ্ধিষ্ঠ স্টাডিজ বিভাগের ছাত্র ইফতেখার ইসলাম ওরফে তুষার। তারা সবাই বিশ্ববিদ্যালয়ের হাজী মুহম্মদ মুহসীন হলের ছাত্র এবং ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন।

প্রষ্ঠের জানান, এই শিক্ষার্থীদের আগে হল কর্তৃপক্ষ হল থেকে স্থায়ী বহিকার করেছিল। এখন আমরা বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিকার করেছি। বিশ্ববিদ্যালয়ের নিয়মশৃঙ্খলা বহির্ভূত এবং ফৌজদারি অপরাধে জড়িত থাকার অপরাধে তাদের বহিকার করা হয়েছে।

গত ৮ অক্টোবর রাতে বিশ্ববিদ্যালয়ের হাজী মুহম্মদ মুহসীন হলের একটি কক্ষে অভিযান চালিয়ে হাসিবুর রহমান ও আবু বকরকে অন্ত্র ও মাদকসহ আটক করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ঐ কক্ষের বাসিন্দা ইমরান হোসেন সেদিন পালিয়ে যান। পরে এই তিন জনের বিরুদ্ধে অন্ত্র আইনে মামলা হয়। এছাড়া হল প্রশাসনের অভিযোগের ভিত্তিতে ইফতেখার ইসলাম নামের আরেক শিক্ষার্থীকে সাময়িক বহিকার করা হয়েছে।

---

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

---